# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 11 May, 2025

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) অনুষ্ঠিত হতে যাচ্ছে দুই দিনব্যাপী উচ্চশিক্ষাবিষয়ক ক্যাম্প। রাজশাহী বিশ্ববিদ্যালয় সায়েন্স ক্লাব (আরইউএসসি) এর আয়োজনে আগামী ১৬ ও ১৭ মে অনুষ্ঠিত হবে আরইউএসসি হায়ার স্টাডি ক্যাম্প-২০২৫।বিশ্ববিদ্যালয়ের ক্যারিয়ার কাউন্সেলিং অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টারের (সিসিডিসি) গ্যালারিতে অনুষ্ঠিত হবে এ ক্যাম্প।রবিবার (আজ) এক সংবাদ বিজ্ঞপ্তিতে সংগঠনটি এই তথ্য জানিয়েছে।

ক্যাম্পে অংশগ্রহণে আগ্রহী শিক্ষার্থীরা নিবন্ধনের মাধ্যমে অংশ নিতে পারবেন।১৪ মে পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ড. এম এ ওয়াজেদ মিয়া একাডেমিক ভবন (চতুর্থ বিজ্ঞান ভবন)-এর সামনে স্থাপিত বুথে রেজিস্ট্রেশন করা যাবে।এছাড়াও অনলাইনে https://rusc.org.bd/register/rusc-higher-study-camp-2025/ লিংকে গিয়ে রেজিস্ট্রেশন এবং ক্যাম্প সম্পর্কে বিস্তারিত জানা যাবে।

ক্যাম্পের মূল আকর্ষণসমূহের মধ্যে থাকছে, আইইএলটিএস প্রস্তুতির পূর্ণাঙ্গ নির্দেশনা, পরীক্ষার ধরণ, টাইম ম্যানেজমেন্ট ও স্কোর বাড়ানোর কৌশল, স্টেটমেন্ট অব পারপাস (□□□) লেখার কাঠামো ও কৌশল, অ্যাপ্লিকেশন ডকুমেন্ট প্রসেসের ধাপসমূহ, ফুল ফান্ডেড স্কলারশিপ পাওয়ার কৌশল এবং প্রফেশনাল সিভি তৈরি ও বিদেশি প্রফেসর বা অ্যাডমিশন অফিসারদের কাছে ইমেইলের মাধ্যমে নিজেকে উপস্থাপন করার কৌশল।এছাড়াও লাইভ সেশন, ওয়ার্কশপ এবং বিদেশে অধ্যয়নরত বা কর্মরত অভিজ্ঞ স্কলারদের বাস্তবভিত্তিক দিকনির্দেশনার ব্যবস্থাও থাকছে এই ক্যাম্পে।

ক্যাম্পে প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন আলো এডুকেশন ও ইউএনডিপি ফিউচারন্যাশনের বিজনেস ডেভেলপমেন্ট অফিসার মো. শরিফুর রহমান এবং সাইফুর'স-এর ব্রাঞ্চ ইনচার্জ ও অ্যাব্রোড গ্যালারির ম্যানেজিং ডিরেক্টর মো. আল ইমরান তমাল।

সংগঠনটির সভাপতি শেখ সৈকত বলেন, উচ্চশিক্ষা শুধু একটি স্বপ্ন নয়, এটি একটি পরিকল্পিত যাত্রা।শিক্ষার্থীরা যেন সেই যাত্রায় সঠিক গাইডলাইন নিয়ে এগিয়ে যেতে পারে, সে লক্ষ্যে এই ক্যাম্পের মাধ্যমে আমরা বাস্তবভিত্তিক রোডম্যাপ ও প্রয়োজনীয় দিকনির্দেশনা দিতে প্রতিশ্রুতিবদ্ধ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় দুই দিনব্যাপী

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:36

URL: https://www.timestodaybd.com/campus/6116142303